



গুগল তাদের ক্রোমবুক লাইনে নতুন ট্যাব প্রযুক্তি বাজারে আনার ঘোষণা দিয়েছে। গত ২৯ সেপ্টেম্বর যুক্তরাষ্ট্রের সানফ্রান্সিসকোতে আয়োজিত এক অনুষ্ঠানে নতুন এই ট্যাবের ঘোষণা দেয় গুগল। এই ডিভাইসের নাম পিক্সেল সি। ট্যাবলেটটির ৩২ জিবি ভার্সনের দাম রাখা হয়েছে ৪৯৯ ডলার ও ৬৪ জিবি ভার্সনের দাম ৫৯৯ ডলার। ট্যাবটির সাথে কিবোর্ডের দাম রাখা হয়েছে ১৪৯ ডলার। ট্যাবটি অ্যান্ড্রয়িডের নতুন ভার্সন অ্যান্ড্রয়িড ৬.০ মার্শম্যালো দিয়ে চলবে। এটিতে স্লিম ম্যাগনেটিক কিবোর্ডও থাকবে, যা আলাদাভাবে কেনা যাবে। গুগল মূলত মাইক্রোসফটের সার্ফেসের সাথে তুলনা করার মতো করেই ডিভাইসটিকে তৈরি করেছে। এতে প্রোডাক্টিভিটির দিকে বিশেষভাবে নজর দেয়া হয়েছে। এর সাথে যে কিবোর্ড রয়েছে তা ম্যাগনেটের মাধ্যমে জুড়ে থাকবে এবং এতটাই মজবুতভাবে থাকবে যে, আপনি নির্ধিকায় এটিকে উল্টা করে ধরে রাখতে পারবেন। এতে কীগুলো ফ্ল্যাশে উজ্জ্বল থাকবে। ফলে আপনি অন্ধকারেও কাজ করতে পারবেন এবং যখন কীবোর্ডটি দিয়ে ট্যাবলেটটি আটকে রাখা হবে তখন এটি চার্জ হবে। কীবোর্ডটি বুটখের মাধ্যমে কাজ করবে। কীবোর্ডটিতে ইচ্ছে করেই কিছু কম দরকারি বোতাম সরিয়ে ডিসপ্লিতে রেখে দিয়েছে গুগল। সারফেস প্রো-কে টেক্সা দিতে ট্যাবটিতে বেশ উন্নতমানের হার্ডওয়্যারের সংযোজন করেছে গুগল। আর ডিজাইন থেকে শুরু করে সবকিছু দেখভাল করেছে গুগলের ক্রোমবুক পিক্সেল তৈরি টিম।

ট্যাবলেটটি বেশ কিছু প্রিমিয়াম ফিচার দিয়ে সাজানো হয়েছে। এর আগের গুগলের সবগুলো ট্যাবের স্ক্রিনসাইজ ১০ ইঞ্চির ছোট হলেও পিক্সেল




গুগলের নতুন ট্যাব পিক্সেল সি

সোহেল রানা

এই ক্রোমবুকের ট্যাব সংস্করণ।

গুগল এ পর্যন্ত যত ট্যাবলেট বানিয়েছে সবগুলোই অন্য কোম্পানির সাথে শেয়ারে। কিন্তু এটিই প্রথম গুগলের সম্পূর্ণ নিজেদের উদ্যোগে তৈরি ট্যাবলেট। এতে আরও থাকবে ইউএসবি-সি টাইপ পোর্ট। কবে নাগাদ ট্যাবটি বাজারে আসবে সে বিষয়ে এখনও কিছু বিস্তারিত জানায়নি গুগল। তবে ধারণা করা হচ্ছে, ডিভাইসটি এ বছরের নভেম্বর মাস নাগাদ বাজারে আসতে পারে। ইতোমধ্যেই ফ্ল্যাগশিপের তকমা পাওয়া এই ট্যাবলেটটিকে বলা হচ্ছে গুগলের এ যাবতকালের সবচেয়ে শক্তিশালী ট্যাবলেট। আর

করেছে হ্যাণ্ডসেট। এলজি নেক্সাস ৫এক্স ফোনে থাকছে কোয়ালকমের ১.৮ গিগাহার্টজ ৬৪ বিট স্ল্যাপড্রাগন ৮০৮ প্রসেসর, ৫.২ ইঞ্চি (৪২৪ পিপিআই) ১০৮০পি রেজ্যুলেশনের গরিলা গ্লাস৩ যুক্ত ডিসপ্লে, ১২.৩ মেগাপিক্সেল ব্যাক ক্যামেরা, ৫ মেগাপিক্সেল ফ্রন্ট ক্যামেরা, ২ জিবি র্যাম, ১৬/৩২ জিবি স্টোরেজ, ফোরকে ডিডিও রেকর্ডিং, ইউএসবি-সি টাইপ চার্জার, ফিঙ্গারপ্রিন্ট রিডার, ২৭০০ এমএএইচ ব্যাটারি, এলটিই প্রভৃতি। নেক্সাস ৬ পি ফোনটি বানিয়েছে চীনা স্মার্টফোন নির্মাতা হুয়াওয়ে। এতে রয়েছে ৫.৭ ইঞ্চি (১৪৪০ বাই ২৫৬০পি, ৫১৮ পিপিআই) ডিসপ্লে, ১২.৩ মেগাপিক্সেল ব্যাক ক্যামেরা, ৮ মেগাপিক্সেল ফ্রন্ট ক্যামেরা, ৩ জিবি র্যাম, ৩৪৫০ এমএএইচ ব্যাটারি, কোয়াড কোর ১.৫৫ গিগাহার্টজ কটেক্স এ-৫৩ ও কোয়াড কোর ২.০ গিগাহার্টজ কটেক্স-এ৫৭ সিপিইউ, ৩২/৬৪/১২৮ জিবি স্টোরেজ, ফিঙ্গারপ্রিন্ট স্ক্যানার, ইউএসবি-সি টাইপ চার্জার, এলটিই প্রভৃতি। স্মার্টফোনটিতে কোনো মেমরি কার্ড স্লট নেই। উভয় ফোনই অ্যান্ড্রয়িড এম৬ অপারেটিং সিস্টেমে চলবে।

নেক্সাস ৫এক্স ফোনের দাম শুরু হবে ৩৭৯ ডলার থেকে এবং নেক্সাস ৬ পি-এর দাম শুরু হবে ৪৯৯ ডলার থেকে। স্টোরেজ অনুযায়ী দাম বাড়বে। আমেরিকা, ব্রিটেনসহ বেশ কিছু দেশে ইতোমধ্যেই ফোনগুলোর বিক্রি শুরু হয়ে গেলেও ভারতে তা আসার সম্ভাবনা রয়েছে চলতি মাসে। সম্প্রতি বাজারে এসেছে আইফোন ও আইপ্যাডের নতুন সংস্করণ। প্রথম সপ্তাহ শেষে রেকর্ড বিক্রির পরিসংখ্যান প্রকাশ করে অ্যাপল। আর ঠিক তার পরদিনই প্রতিষ্ঠানটিকে চ্যালেঞ্জের মুখে ফেলতে নতুন পণ্য আনার কথা জানায় গুগল। ফোনের সাথেই তাদের এবারের চমক পিক্সেল সি ট্যাবলেটও 

ফিডব্যাক : sohel_sr@yahoo.com



সি ট্যাবটির স্ক্রিনসাইজ ১০.২ ইঞ্চি। ২৫৬০ বাই ১৮০০ পিক্সেল রেজ্যুলেশনের ট্যাবটির পিক্সেল ডেনসিটি ৩০৮ পিপিআই। ট্যাবটিকে পাওয়ারফুল করতে এতে এনভিডিয়ার টেক্সা এক্স১ চিপসেট এবং কোয়াডকোর সিপিইউ ব্যবহার করা হয়েছে। গ্র্যাফিক্যাল পারফরম্যান্সের জন্য আছে ম্যাক্সওয়েলের জিপিইউ। আর ডিভাইসটিতে র্যাম থাকছে ৩ গিগাবাইট। বর্তমানে গুগলের ক্রোমবুক পিক্সেল ডিভাইসের মধ্যে রয়েছে গুগলের তৈরি ল্যাপটপ, যা ক্রোম ওএস অপারেটিং সিস্টেমে চলে। নতুন ডিভাইসটি হবে

এদিকে প্রযুক্তিবিদেরা ধারণা করছেন গুগলের এ প্রোডাক্টের মাধ্যমে মাইক্রোসফট সারফেসের আরেকটি প্রতিদ্বন্দ্বী তৈরি হলো। এটি গুগলের সবচেয়ে যুগান্তকারী নির্মাণ বলে মনে করছেন অনেক বিশ্লেষক। গুগলের সম্পূর্ণ নিজস্ব ডিজাইন ও নিজস্ব ব্যবস্থাপনায় নির্মিত হবে ট্যাবলেটটি।

এছাড়া এবারের গুগলের ইভেন্টে দুটি নেক্সাস ফোন উন্মোচন করা হয়েছে। অ্যান্ড্রয়িড অপারেটিং সিস্টেমচালিত নতুন দুই মডেলের নেক্সাস স্মার্টফোনের মধ্যে নেক্সাস ৫এক্স ফোনটি নির্মাতা এলজি এবং নেক্সাস ৬পি সেট তৈরি